

## এমপিওভুক্ত শিক্ষকরা অন্য শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাবেন

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র জারি

যুগান্তর রিপোর্ট

শিক্ষক নিবন্ধন আইনের কারণে স্থগিতকৃত ইনডেক্সধারী শিক্ষকদের ওপর আরোপিত নিষেধাজ্ঞা সরকার তুলে নিয়েছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন-২০০৫ বলবৎ হওয়ার তারিখ অর্থাৎ ২০ মার্চ থেকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সব ধরনের শিক্ষক নিয়োগ বন্ধ হয়ে যায়। তখন ইনডেক্সধারী শিক্ষকগণও এক প্রতিষ্ঠানে থেকে অন্য প্রতিষ্ঠানে চাকরি খুঁজি পাবতেন না।

এমপিওভুক্ত : পৃষ্ঠা ১০৩ কলাম ৩

## এমপিওভুক্ত : শিক্ষকরা

(১ম পৃষ্ঠার পর)

সংগঠিত সূত্র জানায়, এ কারণে হাজার হাজার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সুপার নিয়োগ বন্ধ হয়ে যায়। রোববার শিক্ষা মন্ত্রণালয় থেকে এক পরিপত্র জারি করে বলা হয়েছে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন-২০০৫ বলবৎ হওয়ার আগে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে বৈধভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের ক্ষেত্রে এ আইনের অধীনে নিবন্ধিত হওয়ার বা প্রত্যয়ন গ্রহণের প্রয়োজন হবে না। এজন্য এমপিওভুক্ত (ইনডেক্সধারী) শিক্ষকরা প্রচলিত বি.বি.বিধান অনুসরণ করে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে অন্য শিক্ষা প্রতিষ্ঠানের দৃন্য পদে নিয়োগলাভ করতে পারবেন।

শিক্ষক কর্মচারী ঐক্যজোট থেকে প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী মোঃ বেশিম কুইয়া শিক্ষাবর্তীর কাছে বিষয়টি অক্ষর ভিত্তিতে সূত্রায়র জন্য পিছিত দাবি জানালে মন্ত্রী তা নিষ্পত্তির পদক্ষেপ নেন। এই পরিপত্র খুবযারী, শিক্ষক নিয়োগের অপেক্ষায় থাকা হাজার হাজার শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৫০ হাজার শিক্ষক নিয়োগ লাভ করতে পারবেন।